



## ৬. স্বাধীনতা

রুদ্রলাল বন্দ্যোপাধ্যায়



পড়ুয়ারা কবিতাটির মূল ভাবটি বুঝতে পারবে এবং স্বাধীনতা সংক্ষেপে তাদের মতামত আত্মবিশ্বাসের সাথে বলতে পারবে। ছাত্রছাত্রীরা বিভিন্ন রকমের প্রশ্ন বুঝে সেইমতো উত্তর দিতে পারবে।



স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে,  
কে বাঁচিতে চায় ?

দাসত্ব-শৃঙ্খল বল কে পরিবে পায় হে,  
কে পরিবে পায় ?

কোটিকল্প দাস থাকা নরকের প্রায় হে,  
নরকের প্রায়।

দিনেকের স্বাধীনতা স্বর্গ-সুখ তায় হে,  
স্বর্গ-সুখ তায়।

ওই শুন ! ওই শুন ভেরীর আওয়াজ হে,  
ভেরীর আওয়াজ।

সাজ সাজ সাজ বলে, সাজ সাজ সাজ হে,  
সাজ সাজ সাজ।

সার্থক জীবন আর বাহুবল তার হে,  
বাহুবল তার।

আত্মনাশে যেই করে দেশের উদ্ধার হে,  
দেশের উদ্ধার।

অতএব রণভূমে চলো ত্বরায় হে,  
চলো ত্বরায়।

দেশহিতে মরে যেই তুল্য তার নাই হে,  
তুল্য তার নাই।

## শব্দের অর্থ ও ব্যাকরণ

স্বাধীনতা-হীনতা — স্বাধীনতা না-থাকা অবস্থা। পরাধীনতা  
দাসত্ব-শৃঙ্খল — দাসত্বের শিকল। দাসত্ব = দাসের অবস্থা,  
পরাধীনতা। 'শৃঙ্খল' শব্দটি এখানে আক্ষরিক অর্থে নেবার  
দরকার নেই। অর্থাৎ, দাসকে শিকল বা লোহার বেড়ি  
পরিয়ে রাখার কথা বলা হচ্ছে না। বেড়িটা লোহার নয়,  
নানা রকম বিধিনিষেধের। পরাধীন দেশে এই বেড়ি পরিয়ে  
চিন্তাভাবনা, মতপ্রকাশ ও কাজ করার অধিকার থেকে  
মানুষকে বঞ্চিত রাখা হয়  
কোটিকল্প — অনন্তকাল। কল্প = ব্রহ্মার এক দিন =  
মানুষের ৪৩২ কোটি বছর  
নরক — মৃত্যুর পরে পাপীরা যেখানে শাস্তি ভোগ করে,  
যমালয়, জাহান্নাম, দোজখ। hell। এটা লোকবিশ্বাস। দুঃখ  
কষ্টে পূর্ণ জঘন্য স্থানই হল নরক  
প্রায় — মতো, তুল্য। অন্য মানে : ১. বারবার, ঘনঘন  
২. কাছাকাছি, কিছু কম

স্বাধীনতা — অন্যের অধীন নয় এমন অবস্থা, নিজের  
উপর নিজের অধিকার। স্ব + অধীনতা  
স্বর্গ-সুখ — এমন সুখ যা একমাত্র স্বর্গেই মেলে। অর্থাৎ  
সুখ। স্বর্গ = দেবতাদের বাসস্থান, অমরাবতী, চিরসুখের  
স্থান  
তায় — তাতে  
ভেরী — চামড়ায় ঢাকা একরকম বড়ো ঢাক, দুর্দুর্ভি  
সার্থক — সফল, অর্থযুক্ত  
বাহুবল — গায়ের জোর, ক্ষমতা, শক্তি  
আত্মনাশ — আত্মবলি, আত্মদান  
রণভূমে — যুদ্ধক্ষেত্রে  
জ্বরা — শীঘ্র  
দেশহিত — দেশের মঙ্গল। হিত = মঙ্গল, কল্যাণ,  
উপকার, ভালো  
তুল্য — তুলনীয়